

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪

সিএন্ডএফ এজেন্টস হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- www.cnfctg.org, www.cnfctg.net

E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৭৬/২০১৫

তারিখঃ ২৫/১১/২০১৫খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক(নিরাপত্তা)/চবক এর দপ্তরাদেশ নামা নং-২৩৮/২০১৫, তারিখ, চট্টগ্রামঃ ১৯ নভেম্বর/২০১৫ সম্মানিত সদস্য/ সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

মোহাম্মদ মুছা

সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক(নিরাপত্তা)/চবক এর দপ্তরাদেশ নামা নং-২৩৮/২০১৫

তারিখ, চট্টগ্রামঃ ১৯ নভেম্বর/২০১৫

১। বন্দর ব্যবহারকারী সরকারী/বেসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও অন্যান্য সকল বন্দর ব্যবহারকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণকে চবক এর নিরাপত্তা বিভাগ হতে প্রদত্ত Proximity Identity Card/ স্থায়ী গেইট পাশ এবং বিভিন্ন ব্যবহারকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্সসমূহের নবায়ন কার্যক্রম ১লা ডিসেম্বর, ২০১৫ হতে ২৮ ফেব্রুয়ারী, ২০১৬ পর্যন্ত চলমান থাকবে।

২। তৎপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকল বন্দর ব্যবহারকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় ডকুমেন্টসসহ সরকার কর্তৃক নির্ধারিত ফি প্রদানপূর্বক আগামী এক বছরের জন্য (০১/০১/২০১৬ থেকে ৩১/১২/২০১৬ বা কাস্টমস কর্তৃক প্রদত্ত তারিখ পর্যন্ত) নবায়নের নিমিত্তে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, নির্ধারিত তারিখের মধ্যে স্থায়ী গেইট পাশ ও লাইসেন্স নবায়ন করা না হলে পরবর্তীতে জরিমানাসহ নির্ধারিত ফি প্রদানপূর্বক নবায়ন করতে হবে।

৩। উল্লেখ্য, কোন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীর পরিচয়পত্র/লাইসেন্স আংশিক নবায়ন করা হবে না বরং প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা/কর্মচারীদের পরিচয়পত্র/লাইসেন্স নবায়ন/বাতিলের মাধ্যমে হালনাগাদ করতে হবে।

স্বাক্ষরিত/-

পরিচালক (নিরাপত্তা)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

তারিখ-১৯/১১/২০১৫

নং-পরিনিদ/প্রক্লিমিটি আইডি কার্ড/২০১০/১৪২১